দৈনিক ইত্তেফাক

তারিখ ... 8 DEC 1990 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৭ ...

৪

43

## মাদ্রাসা শিক্ষকদের ফরিয়াদ

প্রাইমারী মাদ্রাসাকে ইবতেদায়ী মাদ্রাসা বলা হয়। প্রায় ১৫ হাজার ইবতেদায়ী মাদ্রাসার প্রায় ৭৫ হাজার শিক্ষক বর্তমানে খুবই দুর্দশার মধ্যে আছেন। এইসব মাদ্রাসা কোন সরকারী সাহায্য পায় না। তাই অধিকাংশ ইবতেদায়ী মাদ্রাসা সঠিকভাবে চলিতেছে না। শিক্ষকদের নিয়মিত বেতন দেওয়া দূরে থাক, অনেক মাদ্রাসা টিকাইয়া রাখাও সম্ভব হইতেছে না। এই পরিপ্রেক্ষিতে পূর্ববর্তী সরকারের শিক্ষামন্ত্রী প্রতিটি মাদ্রাসাকে এককালীন অন্ততঃ ৩৬ হাজার টাকা সাহায্য দানের কথা ঘোষণা করিয়াছিলেন। ইবতেদায়ী মাদ্রাসাগুলিকে প্রাথমিক শিক্ষা কার্যক্রমের অন্তর্ভুক্ত করার সিদ্ধান্তও নেওয়া হইয়াছিল। তাই ইবতেদায়ী মাদ্রাসার অসহায় শিক্ষকদের কথা বিবেচনা করিয়া এই ক্ষেত্রে পূর্ববর্তী সরকারের সিদ্ধান্ত বহাল রাখা হইবে বলিয়া আমরা আশা রাখি।

—মওলানা এইচ, আর, রশিদ ও মাওঃ ইউনুছ, সাতের দিঘীর পাড় ইবতেদায়ী মাদ্রাসা, চাটখিল, নোয়াখালী।